শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ
ISO 9001:2015 Certified
পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
কালিকাপুর, পটুয়াখালী।
মুজিব শতবর্ষ
ফোনঃ ০৪৪১-৬২২২০, E-mail: patuakhali.pbs@gmail.com WEB: www.pbs.patuakhali.gov.bd

স্মারক নং- ২৭.১২.৭৮৯৫.৫৪০.০৯.০৩৫.২২. ৯৩৮

তারিখঃ ১২ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ।
২৭/০৮/২০২২ খ্রিষ্টাব্দ।

## "প্রশিক্ষণ পুনঃবিজ্ঞপ্তি"

**বিষয়ঃ মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকবলের প্রশিক্ষণ কর্মসূচী প্রসঙ্গে।**

সূত্রঃ (১) বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.০২৯.৭২.৮৫২.২২.১০৪, তাং- ০২/০৮/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র সমিতির সদর দপ্তরের প্রশিক্ষণ রুমে আগামী ১৮/০৯/২০২২ খ্রিঃ হতে মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকবলের (সুপারভাইজার/লাইনম্যান) "পবিস বিতরণ লাইন নির্মাণ (টিসি-২৪০)" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে আগ্রহী মিনি ঠিকাদার প্রতিষ্ঠান সমূহে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনসহ মনোনীত সুপারভাইজার ও লাইনম্যান-কে প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

**শর্তাবলীঃ**

০১। ক্লাইম্বিং কাজে অসামর্থ প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহনে অযোগ্য বিবেচিত হবেন।

০২। প্রত্যকে প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ ফি বাবদ ৪,০০০.০০ (চার হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/নগদ "পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির "অনুকূলে আগামী ১৫/০৯/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে জমা দিতে হবে।

০৩। প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক প্রেরিত ফরম নং প্রপফ-০২৯-০০১, ভার্সন-২, তারিখ ২৬/১১/২০১৩ খ্রিঃ "Trainee's Personal Data Form" পবিস হতে সংগ্রহ পূর্বক যথাযথভাবে পূরণ করে আগামী ১৫/০৯/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতিতে জমা প্রদান করতে হবে।

০৪। প্রশিক্ষণার্থীকে প্রতিষ্ঠানের সত্বাধিকারী কর্তৃক পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি এবং স্ট্যাম্প সাইজের এক কপি রঙ্গিন ছবি ও "Trainee's Personal Data Form" এর সঙ্গে জমা দিতে হবে।

০৫। প্রশিক্ষণে অংশগ্রহনকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকজনকে অবশ্যই ডাক্তার কর্তৃক শারীরিক সক্ষমতার সার্টিফিকেট সংগ্রহ পূর্বক জমা প্রদান করতে হবে।

০৬। অংশগ্রহনকারী প্রতিটি প্রতিষ্ঠানকে বাপবিবোর্ড কর্তৃক তালিকাভুক্তির অনুমোদনপত্র জমা দিতে হবে।

০৭। সুপারভাইজার পদে প্রশিক্ষণের জন্য নুন্যতম যোগ্যতা এইচএসসি পাশ অথবা যে কোন বিভাগে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশের সনদ এর মূল ও সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে।

০৮। লাইনম্যান পদে প্রশিক্ষণের জন্য নুন্যতম যোগ্যতা অষ্টম শ্রেনী অথবা জেএসসি পাশের সনদের মূল ও সত্যায়িত কপি আনতে হবে।

০৯। প্রশিক্ষণার্থীকে জন্ম সনদের মূল ও সত্যায়িত কপি অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ আনতে হবে।

১০। প্রশিক্ষণার্থীকে জাতীয় পরিচয় পত্রের মূল ও সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে। (যদি থাকে)

১১। প্রশিক্ষণার্থীকে বয়স কোর্স শুরুর তারিখ সর্বনিম্ন ১৮ (আঠার) বৎসর হতে হবে।

১২। কোন প্রশিক্ষণার্থী একাধিক প্রতিষ্ঠানে কিংবা একই প্রতিষ্ঠানের একাধিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহন করতে পারবেন না।

১৩। প্রশিক্ষণার্থীর আবেদন পত্রের ক্রমিক নং-০৪ এ উল্লেখিত সাইজের ছবি এঁটে দিয়ে এমনভাবে কোর্স আয়োজনকারী প্রতিষ্ঠানের গোল সীল মারতে হবে যাতে সীলের ছাপের অর্ধেক অংশ আবেদন পত্রের উপর এবং অবশিষ্ট অংশ ছবির উপরের কর্ণার থাকে। একই প্রক্রিয়ায় কোর্সের সমন্বয়কারী ছবির নিচে কর্ণারে তার নাম যুক্ত প্রদান করবেন। এক্ষেত্রে স্বাক্ষর ও সীলে ছাপের অর্ধেক অংশ আবেদনপত্রের উপর এবং অবশিষ্ট অর্ধেক অংশ ছবির নীচের কর্ণারে থাকে।

১৪। কাঠের ও এসপিসি পোলে আরোহন এবং অনুশীলনের জন্য বুট জুতা ও ক্লাইম্বার সেট সহ কোর্স শুরুর দিন সকাল ০৯:০০ ঘটিকায় প্রশিক্ষণার্থীকে নির্ধারিত প্রশিক্ষণ স্থলে উপস্থিত থাকতে হবে।

১৫। কোন প্রশিক্ষানার্থী একাধিক পদে প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহন করতে পারবেন না। তবে এসএসসি অথবা সমমান পরীক্ষায় পাস এবং লাইনম্যান পদে কৃতকার্য হলে সুপারভাইজার পদে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহন করতে পারবেন। সুপারভাইজার হিসেবে কৃতকার্য হলে লাইনম্যান হিসেবে প্রাপ্ত সনদ বাপবিবোর্ড ফেরত দিতে হবে। তথ্য গোপন-কারী প্রশিক্ষণার্থীর সনদ বাতিল করা সহ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

১৬। প্রশিক্ষণে অংশগ্রহনকারী লোকবলের থাকা খাওয়া সংক্রান্ত যাবতীয় ব্যবস্থপনা সহ সমস্ত ব্যয়ভার ঠিকাদার প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

১৭। প্রশিক্ষণকালীন প্রশিক্ষণার্থীর কোন প্রকার দুর্ঘটনা ঘটলে প্রশিক্ষণ কোর্স আয়োজনকারী প্রতিষ্ঠান কোন দায়-দায়িত্ব বহন করবেন না।

১৮। প্রশিক্ষণ শুরু হওয়ার কমপক্ষে ০৭ (সাত) দিন আগে অত্র অফিসে যাবতীয় ফাইল জমা প্রদান করতে হবে।

১৯। প্রশিক্ষণ শুরুর প্রথম দিন মূল কাগজপত্র সঙ্গে নিয়ে আসতে হবে।

২০। উপরের উল্লেখিত শর্তাবলী ছাড়াও নতুন কোন সমস্যা সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

২৭।৮।২২

(শাহ্ মোঃ রাজ্জাকুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতির নিমিত্তে, জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)।

০১। প্রধান প্রকৌশলী (প্রকল্প), বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বরিশাল।
০৪। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবোর্ড, পটুয়াখালী।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..............................পবিস-১/২/৩/৪।
০৬। একান্ত সচিব, সদস্য (পিএন্ডডি/ডিএন্ডও),বাপবিবোর্ড, ঢাকা।
০৭। ডিজিএম,(বাউফল/বরগুনা/ কলাপাড়া/গলাচিপা/ আমতলী) জোনাল অফিস, পটুয়াখালী পবিস।
০৮। এজিএম-ওএন্ডএম (দশমিনা/রাঙ্গাবালী/ মির্জাগঞ্জ/কুয়াকাটা/বেতাগী/দুমকি) সাব-জোনাল অফিস, পটুয়াখালী পবিস।
০৯। এজিএম, (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ইএন্ডসি/ওএন্ডএম/সদস্য সেবা/প্রশাসন/আইটি), পটুয়াখালী পবিস।
১০। প্রকল্প প্রকৌশলী, বাপবিবো, পটুয়াখালী।
১১। নোটিশ বোর্ড, পটুয়াখালী পবিস।
১২। মেসার্স ----------------------------------------------।
১৩। অফিস কপি/মাস্টার কপি।

২৭।৮।২২

(শাহ্ মোঃ রাজ্জাকুর রহমান)
জেনারেল ম্যানেজার